



# রেজিস্ট্রারের কার্যালয় বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৮৭৭-৭৭৩৯৩৯, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭  
web: https://bu.ac.bd, e-mail: registrarbu@bu.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- বিইউ/রেজি/নোটিস/১৪০/২০৮৭

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ  
১৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

## নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯, বিশ্ববিদ্যালয় দিবস (২২ ফেব্রুয়ারি ২০১৯) এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম উদ্ব্যাপন উপলক্ষে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

### ২১ ফেব্রুয়ারি ২০১৯

- ১। সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা ও কালো পতাকা উত্তোলন।
- ২। সকাল ৯:০০ টায়- উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে ক্যাম্পাস ও ক্যাম্পাস সংলগ্ন সড়কে শোক র্যালি। র্যালিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন ব্যানারের সাথে সকল বিভাগ ও হলের ব্যানার থাকবে।
- ৩। সকাল ৯:৩০ টায়- বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের স্বরণে পুষ্পস্তবক অর্পণ।

### ২২ ফেব্রুয়ারি ২০১৯

- ১। সকাল ৯:০০ টায়- জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন। এরপর বেলায় উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন।
- ২। সকাল ৯:৩০ টায়- মাননীয় উপাচার্যের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে নিয়ে ক্যাম্পাস ও ক্যাম্পাসের সম্মুখে মহাসড়কে আনন্দ র্যালি। আনন্দ র্যালিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন ব্যানারের সাথে সকল বিভাগ ও হলের ব্যানার, ফেস্টুন থাকবে।
- ৩। সকাল ১০:০০ টায়- বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে (শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী) মিষ্টি বিতরণ।
- ৪। দুপুর ১:৩০ টায়- বিভাগসমূহের নিজস্ব অর্থায়নে নবীন শিক্ষার্থীদের লাঞ্চ।
- ৫। বিকাল ৩:০০ টায়- ২০১৮-১৯ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের বরণ ও আলোচনা সভা।
- ৬। বিকাল ৫:০০ টায়- মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান (নাচ ও গান)।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

ড. মোঃ হাসিনুর রহমান

রেজিস্ট্রার

বরিশাল বিশ্ববিদ্যালয়

Jhenak

অনুলিপি (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৪। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। এসিস্ট্যান্ট প্রোগ্রামার, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৬। পিএ কাম কম্পিউটার অপারেটর, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। নোটিস বোর্ডসমূহ
- ৮। নথি/ মহানথি।